দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 24 APR 2017 ...
পৃষ্ঠা 2 ... কলাম 5 ...

# ভিকারুননিসা নূন স্কুলের গভর্নিং বডিতে নির্বাচিত হলেন যারা

■ ইত্তেফাক রিপোর্ট

দীর্ঘ নয় বছর পর অনুষ্ঠিত ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির নির্বাচনে নয়জন অভিভাবক ও শিক্ষক প্রতিনিধি নির্বাচিত হয়েছেন। নির্বাচিতদের মধ্যে ছয়জন অভিভাবক ও তিনজন শিক্ষক প্রতিনিধি। শনিবার রাতে নির্বাচনের ফল ঘোষণা করেন প্রিজাইডিং কর্মকর্তার দায়িত্বে থাকা ঢাকার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন।

নির্বাচিত অভিভাবক প্রতিনিধিরা হলেন— কলেজ শাখায় অ্যাডভোকেট ইউনুচ আলী আকন্দ, আতাউর রহমান। স্কুল শাখায় মারুফ আহমেদ মুনসুর ও ডা. মজিবুর রহমান হাওলাদার। প্রাথমিক শাখায় ডা. তাজুল ইসলাম এবং সংরক্ষিত নারী আসনে খুরশিদ জাহান।

শিক্ষক প্রতিনিধিরা হলেন— হাইস্কুল শাখায় মাহবুবুর রহমান এবং সংরক্ষিত নারী শিক্ষক প্রতিনিধি মুশতারি সুলতানা। এছাড়া কলেজ শাখায় সাজেদা বেগম ও ড. ফারহানা বেগম সমানসংখ্যক ভোট পান। পরে লটারির মাধ্যমে বিজয়ী হন ড. ফারহানা বেগম।

নির্বাচনে চারটি শাখায় অভিভাবক প্রতিনিধি হিসেবে ৩০ জন প্রতিদ্বন্দ্বিতা করেন। এদের মধ্যে কলেজ প্রতিনিধি পদে সাতজন, মাধ্যমিকে নয়জন, প্রাথমিকে ১০ জন ও সংরক্ষিত নারী পদে চারজন প্রার্থী ছিলেন। শিক্ষক প্রতিনিধি পদে ছিলেন ১২ জন। এদের মধ্যে স্কুল পর্যায়ে ছয়জন, কলেজে দুজন এবং সংরক্ষিত নারী পদে চারজন।

এদিকে, নির্বাচনে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। অভিযোগ উঠেছে, ক্ষমতাসীন দলের মনোনীত ব্যক্তিদের বিজয়ী করতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষসহ প্রিজাইডিং অফিসার জাল ভোট দিতে সহায়তা করেছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........
তারিখ........

| | |
|---|---|
| সিঃ পরিসংখ্যান বিভাগ | |
| সিঃ ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর